—র প্রতি

[শ্রীকৃষ্ণধন দে এম্-এ।]

আমার নিকটে চেয়েছ কবিতা ? বন্ধু, করেছ ভুল !
কাব্য-মধুপ উড়ে' গেছে কবে, বিঁধে দিয়ে গেছে হুল্।
পাওনাদারেরা আসে তাগাদায় প্রভাতে রক্ত-আঁখি,
বাড়ীভাড়াটাও কয়মাস হো'ল পড়ে' গেছে ক্রমে বাকি !
ছেলে গুলো সব চাঁপা পড়ে আছে নানান্ রোগের ভিড়ে,
মেয়ের বিয়ের সন্ধানে ঘুরে' জুতোজোড়া গেছে ছিঁড়ে !
যে ছাতা আড়ালে এতদিন ধরি' ঢাকিয়া চলেছি মুখ,
ঝড়ে ছিঁড়ে গিয়ে সে-ও আজ প্রাণে দিয়েছে দারুণ দুখ !
বন্ধু, কতই কহিব কাহিনী, কে জানে আরো কি বাকি;—
তুমি নিয়ে থাক স্বপ্ন তোমার "ওমরখায়েম-সাকী"।

বন্দনা।

ভরিয়া এনেছি ডালাটী আমার
ভক্তি-পুষ্প দলে
এস মা ভারতী আজি এই মম
মানস কুঞ্জতলে।

শ্বেত বরণের পরাগে যে মাগো
পুষ্প গিয়েছে ভরি',
রচিয়াছি মালা বিবিধ বরণে
চরণ-পরশ স্মরি'।

উচ্ছ্বাস বেগে পরাণ আমার
কূলে কূলে ভরি' আনে
বন্দনা তাই রচিতে নারিনু
বিবিধ বরণে গানে।

বিশ্বের মাঝে ঢেউ উঠিয়াছে,
চরণ-পরশ লাগি
নিশি দিন তাই আছি মা, পুলক
স্পন্দিত প্রাণে জাগি'।

চরণ নূপুর শুনিমা তোমার
মলয়ের সমীরণে
প্রাণের মাঝারে দোলন জাগায়
বিকশিত কাশবনে।

কানন তোমার কুঞ্জ রচে মা
শেফালী মালতী দিয়া,
প্রান্তর তব শয্যা রচে মা
জোনাকি আলোক নিঁয়া।

তরু মর্ম্মরে শুনিতে পাইগো
তব বন্দনা গীতি ;
বিহঙ্গমের ললিত কণ্ঠে
তোমারি স্তবের রীতি।

ডাকি গো মা, তাই অন্তর মাঝে
ভক্তি-পুষ্প নিয়ে,
শত জনমের বেদনা ঘুচাও
চরণ-পরশ দিয়ে।

শ্রীহরিচরণ বন্দ্যোপাধ্যায়।

স্বর্গীয় অধ্যাপক ললিতকুমার বন্দ্যোপাধ্যায়।

স্বর্গীয় শ্রদ্ধাস্পদ অধ্যাপক ললিতকুমার বন্দ্যোপাধ্যায়ের নিকট বঙ্গবাসী কলেজে আমি ইংরাজি কাব্য-সাহিত্য পাঠ করিয়াছিলাম। তাঁহার অধ্যাপনায় কেমন একটু বৈশিষ্ট্য ছিল। "কাব্যং রশত্মকং বাক্যম্"—সংস্কৃত অলঙ্কার-শাস্ত্রের এই অনুজ্ঞাটি অনুসরণ করিয়া তিনি ইংরাজি কাব্য সাহিত্যের যে ভাবে ব্যাখ্যা করিতেন তাহাতেও কাব্যরসেরই আস্বাদ পাওয়া যাইত। বাস্তবিক, ললিত বাবুর লেক্‌চারগুলি এমন সরস বোধ হইত যে অনেক সময়ে কবি ও কাব্যের কথা ভুলিয়া গিয়া ছাত্রগণ গুরুর ব্যাখ্যা শুনিয়া আনন্দলাভ করিত। বিদেশী কবির মর্ম্ম গ্রহণ করা সেইজন্য সকল ছাত্রের পক্ষেই সহজ হইত।

ইংরাজি ব্যাখ্যা-পুস্তকে ইংরাজি প্যারালাল্ প্যাসেজ অনেক আছে, মাঝে মাঝে ল্যাটিন, হিব্রু ও গ্রীক্ কোটেশনও পাওয়া যায়। বাঙ্গালী ছাত্রের যাহাতে বুঝিবার সুবিধা হয়, সেই উদ্দেশ্যে ললিত বাবু আবশ্যকমত সংস্কৃত বা বাঙ্গালা কাব্য-সাহিত্য হইতে